ভোরের কাগজ

তারিখ ··· JAN 23 2000 ··· ···
পৃষ্ঠা ৪ কলাম ৭ ······

৪০

# ভূমি জরিপ বিষয়টি পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করা হোক

ভূমির ব্যবহার করতে হলে ভূমির পরিমাপ ও ভূমি ব্যবস্থাপনা সম্পর্কে স্বচ্ছ জ্ঞান থাকা আবশ্যক। কিন্তু আমাদের দেশের অধিকাংশ লোকই ভূমির পরিমাপ ও ব্যবস্থাপনা সম্পর্কে সঠিকভাবে ওয়াকেবহাল নন। ফলে প্রতিনিয়ত তাদের প্রতারণার স্বীকার হতে হয় এক শ্রেণীর প্রতারক এবং ভূমি কার্যক্রমে সম্পৃক্ত কিছুসংখ্যক অসৎ কর্মচারীর কাছে। ভূমি বিষয়ক স্বচ্ছ জ্ঞান না থাকায় অধিকাংশ লোক ভূমি সংক্রান্ত সকল বিষয়কে জটিল মনে করেন এবং একটা ভীতিভাব পোষণ করেন। সমাজের প্রায় সকল লোকই কম বেশি কিছু না কিছু ভূমির মালিক হওয়ায় ভূমি জরিপ কর্মকাণ্ডে সবাইকে অংশগ্রহণ করতে হয়। কিন্তু এ বিষয়ে অনেকেরই ন্যূনতম ধারণা না থাকায় তারা প্রতি পদে পদে প্রতারিত হচ্ছেন। ফলে, ভূমি জরিপ সম্পর্কে সাধারণ মানুষের নেতিবাচক ধারণার সৃষ্টি হয়।

তাই, উল্লেখিত সমস্যা নিরসনকল্পে আমাদের শিক্ষা ব্যবস্থায় অন্তত মাধ্যমিক শিক্ষা কারিকুলামে ভূমি জরিপ তথা ভূমি ব্যবস্থাপনা সম্পর্কে মৌলিক ধারণা অন্তর্ভুক্ত করা আবশ্যক বলে মনে করি। এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর সুদৃষ্টি কামনা করছি।

মোঃ সাইয়েদুজ্জামান
সহকারী সেটেলমেন্ট অফিসার, রাজাপুর,
বরিশাল সেটেলমেন্ট জোন।